## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে ফাল্গুন বুধবার ১৩৬৬ ইংরাজী 9th Mar. 1960 { ৪১শ সংখ্যা






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ  ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seavr



মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

### শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৫শে ফাল্গুন বুধবার সন ১৩৬৬ সাল।

## প্রশংসা পত্রের বাহাদুরী

—•—

যখন রুশিয়ার মস্কো হইতে মিষ্টার বুলগেনিন ও মিঃ ক্রুশ্চেভ—এই দুই সোভিয়েট প্রধান পশ্চিম বাংলা রাজ্যের মাননীয় অতিথিরূপে কলিকাতায় আসিয়াছিলেন, তখন তাঁহাদের সম্বর্দ্ধনার জন্য স্থানীয় কোন দধির দোকান হইতে নাকি দধি কিনিয়া তাঁহাদের সম্বর্দ্ধনা করা হয়। তাঁহারা ( রুশ প্রধানদ্বয় ) দধির খুব প্রশংসা করিয়াছিলেন বলিয়া দধিওয়ালা খবরের কাগজে মোটা মোটা অক্ষরে বাঃ রে আমার দই বলিয়া বিজ্ঞাপন দিয়া বাহাদুরী দেখাইয়াছিল। এবার রুশ প্রধান মন্ত্রী মিষ্টার ক্রুশ্চেভ ভারতের শাসনপ্রথা ও কলিকাতার আতিথ্যের ও সম্বর্দ্ধনার প্রশংসা করিয়া গিয়াছেন।

কোন ভদ্র অতিথি যে রাজ্যের আতিথ্য গ্রহণ করেন, কোন দোষ দেখিলেও তাহা ঢাকিয়া গুণের প্রশংসায় পঞ্চমুখ হইয়া নিজের গুণগ্রাহিতার কথা বার বার বলিয়া যে ভদ্রতা দেখাইয়া থাকেন, তাহা তাঁহারই মহত্ত্ব বলিতে হইবে। তিনি আমাদের উচ্চ প্রশংসা করিয়াছেন তাহাতে দইওয়ালার মত বাঃ রে আমরা বাঃ রে আমাদের আতিথেয়তা বলিয়া গর্ব্ব করা এবং নিজ মুখে সেই প্রশংসা ব্যক্ত করিয়া আত্মপ্রসাদ লাভ খুব নিন্দনীয়।

কয়েক বৎসর আগে যখন মিঃ বুলগেনিনসহ একত্রে মিঃ ক্রুশ্চেভ আসিয়া আমাদের গগনভেদী তের-তলা কেরাণীখানা দেখিয়া এ যুগে—এই আনবিক যুগে এ প্রকার ব্যয়বহুল প্রাসাদ তৈরী খুব বুদ্ধিমানের কাজ নয় বলিয়া মন্তব্য করেন নিশ্চয়ই সে কথা মুখ্যমন্ত্রী প্রমুখ দেশ-প্রধানরা ভুলেন নাই। সে নিন্দার উল্লেখ একবারও মহাত্মা গান্ধীর অনুরাগী হইয়াও একদিন উল্লেখ করিতে শোনা যায় নাই। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের অন্যতম কীর্ত্তি এই নূতন কেরাণীখানা আর ইংরাজ যে কেরাণীখানায় বসিয়া সমস্ত ভারত শাসন করিয়াছিলেন এই দুই কেরাণীখানার তুলনা করিলে স্বাধীনতা লাভের পূর্ব্বাবস্থা ও স্বাধীনতা লাভের পরাবস্থা দেখাইয়া পেটেন্ট ঔষধের বিজ্ঞাপনে ঔষধ সেবনের পূর্ব্বাবস্থা এবং ঔষধ সেবনের পরাবস্থা তুলনা করিয়া দেওয়া চলে।

কলিকাতা মহানগরীর শ্রেষ্ঠ নাগরিক মেয়র যখন হোটেলের এঁটো পাতা হইতে কুকুরের সঙ্গে মানুষকে ভাত খাইতে দেখিয়া সভা সমিতিতে তাহার উল্লেখ করিয়াছিলেন তখন ইহা স্বাধীনতা লাভের পরাবস্থার অন্য উন্নত অবস্থা বলিয়া বর্ণনা করা কর্ত্তাদের সহিবে না।

প্রদেশের মন্ত্রিত্ব লইয়া সেই প্রদেশের মঙ্গলার্থে সমস্ত কার্য্য করিবেন এই মর্ম্মে শপথ গ্রহণ করিয়া নিজের খেয়ালমত সেই প্রদেশকে অন্য প্রদেশের পদতলে অর্পণ করিবার অপচেষ্টা স্মরণ করিলে—

"হাতী চলে বাজার,
কুত্তা ভুখে হাজার।"

বলিয়া নিজের মাতঙ্গত্ব অন্যের কুকুরত্ব বর্ণনার সময় লজ্জিত হওয়া উচিত।

আজ তের বৎসর যে রাম রাজত্বের নমুনা দেখান হইয়াছে তাহা বর্ণনাতীত।

ত্রেতা যুগে রামচন্দ্র চোরা বাণে বালিরাজকে বধ করার নিন্দার হাত হইতে আজিও নিস্তার পান নাই। যাত্রাওয়ালারা আসরে আসরে অভিনয় করিতেছে এখনও ভিক্ষুকেরা গৃহস্থের দ্বারে দ্বারে বালি-পত্নী তারার অভিশাপযুক্ত খেদোক্তির গান গাহিয়া উদরান্ন মুষ্টি ভিক্ষা সংগ্রহ করে।

পরপীড়কগণকে শুনাইবার জন্য গানটি প্রকাশ করিলাম।

গান

পতিতপাবন! তুমি নারায়ণ;
লোকে বলে তোমায় করুণা নিদান!
তবে কেন হায়! লুণ্ঠিত ধরায়
স্বর্ণ-শিখী-চুড় ভূতলে পতন।
কি দোষ পাইয়া পতিরে আমার
অন্যায় সমরে করিলে সংহার
দয়াময় তব একি অবিচার!
কাঁদায়ে বধিলে অবলার প্রাণ।
যে অনলে তুমি জ্বালালে আমায়,
সে অনলে তুমি জ্বলিবে নিশ্চয়,
জানকী পাইবে, পুনঃ হারাইবে,
কেঁদে কেঁদে হবে দিবা অবসান!

"সত্যমেব জয়তে"

মার্কা দিয়া অসত্যের ব্যবসা ইতিহাস কখনও ক্ষমা করে না।

মহাত্মা তুলসী দাস বলিয়াছেন—

"দুর্ব্বলকো ন সন্তাইয়ে
তাকো মোটি 'হায়'।
মুয়ে চামকা ফুঁক্‌সে
লোহে ভসম হো যায়।"

অর্থ—দুর্ব্বলকে সন্তাপ দিও না তাদের হা-নিশ্বাস খুব প্রবল। কর্ম্মকারের কারখানায় মড়া চামড়ার ফুঁয়ে লোহাও ভস্ম হয়।

## Tender Notice

Sealed tenders are invited for the construction of the Science Block of the Jangipur Higher Secondary Multipurpose School. The copy of the approved plan and estimate will be kept open to inspection by the intending contractors in the school office from 10-30 a. m. to 4 p. m. from to-morrow the 8th instant. The sealed tender will be received in the school office during school hours on or before 19. 3. 60. It may be noted that the committee is not bound to accept the lowest tender.

Sd/- M. P. Chatterjee, Secretary
Jangipur Higher Secondary
Multipurpose School. 8. 3. 60

## নোটীশ

থানা রঘুনাথগঞ্জ, মৌজা জঙ্গিপুর জে এল নং ৭ এর যে সকল খতিয়ান এর তজদিক কার্য্য (Attestation) হয় নাই তাহার মালিকগণকে জানান যাইতেছে যে, আগামী ১৫।৩।৬০ তারিখ

হইতে ২৯।৩।৬০ তারিখ পর্য্যন্ত তজদিকের জন্য বালিঘাটা সেটেলমেণ্ট ক্যাম্পে উক্ত মৌজা খোলা থাকিবে এবং তাঁহারা যেন উক্ত সময়ের মধ্যে আপন আপন খতিয়ান তজদিক করাইয়া লন। নচেৎ আইন মোতবেক কার্য্য করা হইবে। ৯।৩।৬০

নরেশচন্দ্র দাশগুপ্ত, রাজস্ব কর্ম্মচারী
বালিঘাটা সেটেলমেণ্ট ক্যাম্প।

## সরকারী বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি থানার দশটি অঞ্চল পঞ্চায়েতে সচিব পদ নিয়োগের উদ্দেশ্যে একটি প্যানেল তৈরী করার জন্য দরখাস্ত আহ্বান করা যাইতেছে। বাহিরের প্রার্থীদের অবশ্যই স্কুল ফাইনাল অথবা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে এবং তাহাদের বয়সসীমা ২৫ হইতে ৩০ মধ্যে বাঞ্ছনীয়। বর্ত্তমান ইউনিয়ন বোর্ডের সচিবগণ ম্যাট্রিকুলেশন ও স্কুল ফাইনাল পরীক্ষায় পাশ না হইলেও অন্যভাবে যোগ্য হইলে তাহাদিগের নামও প্যানেলে অন্তর্ভুক্তির জন্য বিবেচিত হইতে পারে। জংগীপুরের মহকুমা শাসক কর্ত্তৃক প্রেরিত প্যানেলের নাম হইতে প্রত্যেক অঞ্চল পঞ্চায়েতের প্রার্থীকে সরকার নির্বাচিত করিবেন। নির্বাচিত প্রার্থীকে নির্দিষ্ট শিক্ষণ গ্রহণ করিতে হইবে। সচিব হিসাবে তাহাদের নিয়োগ উক্ত পরীক্ষায় কৃতিত্ব সাপেক্ষ। শিক্ষণের জন্য নির্ব্বাচিত প্রার্থীকে শিক্ষণ-ভাতা হিসাবে প্রতি মাসে ৫০ টাকা এবং বিনা খরচে থাকা ও শিক্ষণকেন্দ্রে যাতায়াতের ভাতা দেওয়া হইবে। শিক্ষণ কেন্দ্রে যাওয়ার ব্যবস্থা করা হইবে এবং তাহার জন্য প্রার্থীকে টাকা দিতে হইবে। প্রার্থী যদি ইতিমধ্যে ইউনিয়ন বোর্ডের চাকুরীতে নিযুক্ত থাকেন তাহা হইলে তাহাকে ইউনিয়ন বোর্ড কর্ত্তৃক প্রদত্ত বেতনের অতিরিক্ত শিক্ষণ ভাতা দেওয়া হইবে। শিক্ষণ শেষে তাহারা ৫০-১-৬৮-২-৮০ হারে বেতন ও প্রচলিত ভাতা পাইবেন। সচিব-দিগকে সরকারী কর্মচারী বলিয়া গণ্য করা হইবে না। তাহারা অঞ্চল পঞ্চায়েতের অধীন কর্ম্মচারী হইবেন। দরখাস্ত মহকুমা শাসক, জংগীপুর, মুর্শিদাবাদ-এর নিকট ১৫ই মার্চ্চ-এর মধ্যে পৌঁছান চাই।

## ফার্ষ্ট ক্লাস ছেলের থার্ড ক্লাস বাবা—



ছেলে—বাবা! এ বুদ্ধিটা তোমার হ'লো না আমার মান সম্মান আছে, একখানা রিক্সা ক'রে এলে কত লাখ পঞ্চাশ খরচ হ'তো? হুঁকো আর পোঁটলা হাতে আসতে একটু সমীহ হ'লো না?

বাবা—মান সম্মান জ্ঞান নাই বলেই তো এ দুর্গতি। যখন সর্ব্বস্ব খুইয়ে তোমাকে লেখাপড়া শিখিয়ে তোমার কদর বাড়িয়ে দর পেয়ে বড় লোকের মেয়ের হাতে তোমাকে সমর্পণ করেছিলাম তখনই আক্কেল বুদ্ধি সব বেচে ফেলেছি। এক কাঁড়ি টাকা বেতন পাও, বাড়ীতে এক কানা কড়িও পাঠাও না। দেশে যাও না। তোমার মায়ের কান্নার চোটে এই হুঁকো হাতে পোঁটলা হাতে এসেছি। বেশ! আমি বাবার আমলের পুকুর জমি বেচে ১০০০০৲ দশ হাজার টাকা তোমার জেল বাঁচাতে এনেছি। তোমার মা অন্ন ছেড়েছে তোমার সরকারী তহবিল অত টাকা ভাঙা শুনে। বেশ! যে পথে এসেছি, সেই পথে ফিরছি। তোমার মান সম্মান নিয়ে থাকো।

ছেলে—বাবা, দোহাই বাবা, টাকা এনেছ? বাঁচালে বাবা! তোমার দুটি পায়ে পড়ি টাকা নিয়ে ফিরে যেও না। জেলে যেতে হবে।

বাবা—তোমার শ্বশুরের কাছে যে টাকা তোমাকে বিক্রী ক'রে নিয়েছিলাম।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।